গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখাঃ কারিগরি-২
www.tmed.gov.bd

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২৩
## [ডিপ্লোমা ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষাক্রমের জন্য ]

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি), এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্সের জন্য নিম্নরূপ **"বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২৩"** প্রণয়ন করা হলো।

## ১.০ সংজ্ঞা :

১.১ 'বোর্ড' বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বোঝাবে;

১.২ 'কলেজ' ও 'ইনস্টিটিউট' বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের জন্য অনুমোদনপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বোঝাবে;

১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অর্থাৎ অনলাইনে প্রদর্শিত আবেদন ফরম বোঝাবে;

১.৪ 'শিক্ষার্থী'/'প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কেই বোঝাবে;

১.৫ 'ভর্তি কমিটি' বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভর্তি কমিটি বোঝাবে।

## ২.০ শিক্ষাক্রমভিত্তিক ভর্তির আবেদনের যোগ্যতা :

| শিক্ষাক্রম | ভর্তির যোগ্যতা |
|---|---|
| **২.১ সরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা) :**<br>**২.১.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (১ম ও ২য় শিফট)**<br>**টেকনোলজিসমূহঃ** অটোমোবাইল, আর্কিটেকচার, সিরামিক্স, কেমিক্যাল, সিভিল, সিভিল (উড), কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কন্সট্রাকশন, ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রোমেডিকেল, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল, ফুড, গ্লাস, গ্রাফিক্স ডিজাইন, মেকাট্রনিক্স, মেকানিক্যাল, পাওয়ার, প্রিন্টিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন, সার্ভেয়িং, টেলিকমিউনিকেশন। | যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) / সমমানের পরীক্ষা অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান অথবা 'ও' লেভেল এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বের এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।<br>**এস.এস.সি/ সমমানের পরীক্ষায় জিপিএ পদ্ধতিতে উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র:** সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০;<br>**ছাত্রী:** সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ কমপক্ষে জিপিএ ২.৫;<br>**জিপিএ পদ্ধতির পূর্বের এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র/ছাত্রী:** ন্যূনতম ২য় বিভাগ;<br>**'ও' লেভেলে উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র/ছাত্রী:** একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড থাকতে হবে। |

| | |
|---|---|
| **২.১.২ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (১ম ও ২য় শিফট)**<br>**স্পেশালাইজেশনসমূহঃ** ওয়েট প্রসেসিং, ইয়ার্ন ম্যানুফেকচারিং, ফেব্রিক ম্যানুফেকচারিং, অ্যাপারেল ম্যানুফেকচারিং, জুট, টেক্সটাইল মেশিন ডিজাইন অ্যান্ড মেইন্টেন্যান্স, মার্চেন্ডাইজিং অ্যান্ড মার্কেটিং, ফ্যাশন ডিজাইন। | যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) / সমমানের পরীক্ষা অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান অথবা 'ও' লেভেল এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বের এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত যোগ্যতা সম্পুন্ন শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।<br>**এস.এস.সি/ সমমানের পরীক্ষায় জিপিএ পদ্ধতিতে উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র:** সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০;<br>**ছাত্রী:** সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ কমপক্ষে জিপিএ ২.৫;<br>**জিপিএ পদ্ধতির পূর্বের এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র/ছাত্রী:** ন্যূনতম ২য় বিভাগ;<br>**'ও' লেভেলে উত্তীর্ণদের জন্য:**<br>**ছাত্র/ছাত্রী:** একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড থাকতে হবে। |
| **২.১.৩ ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং**<br>**টেকনোলজিসমূহঃ** মেরিন টেকনোলজি, শিপ বিল্ডিং টেকনোলজি। | যে কোন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ দাখিল পরীক্ষায় শুধুমাত্র বিজ্ঞান বিভাগ থেকে অথবা এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় (গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞানসহ) কমপক্ষে জিপিএ ৩.৫০ নিয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান পরীক্ষায় (গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞানসহ) কমপক্ষে জিপিএ ৩.৫০ নিয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে<br><br>ইংলিশ মিডিয়াম পাঠ্যক্রমের আওতায় পদার্থ বিজ্ঞান, গণিত, ইংরেজিসহ ন্যূনতম ৫ টি বিষয় নিয়ে C-গ্রেডে O-Level সনদপ্রাপ্ত শিক্ষার্থীগণও আবেদন করতে পারবে।<br>খ) **বয়সঃ** আবেদনের তারিখে সর্বোচ্চ ১৮ বছর।<br>গ) **শারীরিক যোগ্যতাঃ**<br>উচ্চতা, পুরুষ প্রার্থীদের জন্য কমপক্ষে ৫ ফিট ৪ ইঞ্চি এবং মহিলা প্রার্থীদের জন্য কমপক্ষে ৫ ফিট ২ ইঞ্চি হতে হবে।<br>দৃষ্টিশক্তি ন্যূনতম ৬/১২ (চশমা সহ ৬/৬) হতে হবে।<br>**ওজনঃ** বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI (Body Mass Index) চার্ট মোতাবেক হতে হবে।<br>BMI সর্বনিম্ন ১৭ এবং সর্বোচ্চ ২৫ হতে হবে, যেমন উচ্চতা ৫' ২" এর জন্য ওজন ৪৩-৫৭ কেজি ; ৫' ৪" এর জন্য ৪৫-৬৬ কেজি; ৫' ৬" এর জন্য ৪৮-৭১ কেজি; ৫' ৮" এর জন্য ৫০-৭৫ কেজি; ৫' ১০" এর জন্য ৫৪-৮০ কেজি; ৬" এর জন্য ৫৬-৮৪ কেজি হতে হবে।<br>স্বীকৃত চিকিৎসক হতে মেডিকেল ফিটনেস সনদ, চক্ষু ও কালার ভিশন ফিটনেস সনদ ও হিয়ারিং ফিটনেস সনদপ্রাপ্ত হতে হবে।<br>উল্লেখ্য, মেরিন ও শিপ বিল্ডিং টেকনোলজিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের CDC (Continuous Discharge Certificate) পাওয়ার ন্যূনতম যোগ্যতাকে ভর্তির যোগ্যতা হিসেবে বিবেচনায় নেয়া হয়েছে। |
| **২.২ সরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা) :**<br><br>**২.২.১ ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার** | যে কোন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি ( ভোকেশনাল) / দাখিল (ভোকেশনাল) / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত অথবা 'ও' লেভেলে যে |

০৭-০৮-২৩

| | |
|---|---|
| **২.২.২ ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি**<br><br>**২.২.৩ ডিপ্লোমা-ইন-ফিসারিজ** | কোন একটি বিষয়ে 'সি' গ্রেড ও অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত অথবা 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড ও অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| **২.২.৪ ডিপ্লোমা-ইন-লাইভস্টক** | যে কোন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি ( ভোকেশনাল) / দাখিল (ভোকেশনাল) / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত অথবা 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড ও অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত অথবা 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড ও অন্য যেকোন দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে 'জীববিজ্ঞান' বিষয়ে জিপি ৩.০০ সহ বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ ৩.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২.৩ **বেসরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা) :**<br>**২.৩.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং**<br>**টেকনোলজিসমূহঃ** অটোমোবাইল, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স (এ্যারোস্পেস), এয়ারক্রাফট মেইন্টেন্যান্স (এভিয়োনিক্স), আর্কিটেকচার, সিরামিক্স, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কন্সট্রাকশন, ইলেকট্রিক্যাল, ইলেক্ট্রোমেডিকেল, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল, ফুড, ফুটওয়্যার, গ্লাস, গ্রাফিক্স ডিজাইন, মেরিন, মেকাট্রনিক্স, মেকানিক্যাল, পাওয়ার, প্রিন্টিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন, শিপ বিল্ডিং, সার্ভেয়িং, টেলিকমিউনিকেশন।<br>**২.৩.২ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং**<br>**স্পেশালাইজেশনসমূহঃ** ওয়েট প্রসেসিং, ইয়ার্ন ম্যানুফেকচারিং, ফেব্রিক ম্যানুফেকচারিং, অ্যাপারেল ম্যানুফেকচারিং, জুট, টেক্সটাইল মেশিন ডিজাইন অ্যান্ড মেইন্টেন্যান্স, মার্চেন্ডাইজিং অ্যান্ড মার্কেটিং, ফ্যাশন ডিজাইন।<br>**২.৩.৩ ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার**<br>**২.৩.৪ ডিপ্লোমা-ইন-ফিসারিজ** | যে কোন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ দাখিল /এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) / সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.০০ প্রাপ্ত অথবা 'ও' লেভেল এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এস.এস.সি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.০০ প্রাপ্ত অথবা 'ও' লেভেল এবং জিপিএ পদ্ধতি চালুর পূর্বে এস.এস.সি বা সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |



০৭.০৮.২৩

| | |
|---|---|
| **২.৪ সরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**২.৪.১ এইচ.এস.সি (ভোকেশনাল) :**<br>**ট্রেডসমুহ :** এগ্রোমেশিনারী, অটোমোবাইল, বিল্ডিং কন্সট্রাকশন অ্যান্ড মেইন্টেন্যান্স, ক্লোদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিশিং, কম্পিউটার অপারেশন অ্যান্ড মেইন্টেন্যান্স, ড্রাফটিং অ্যান্ড সিভিল, ইলেকট্রিক্যাল ওয়ার্কস অ্যান্ড মেইন্টেন্যান্স, ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন, ফিস কালচার অ্যান্ড ব্রিডিং, মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইন্টেন্যান্স, পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন, উড অ্যান্ড ডিজাইন। | এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ক্লাস্টারভিত্তিক (পরিশিষ্ট-১) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ক্লাস্টারভিত্তিক (পরিশিষ্ট-১) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| **২.৫ সরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**২.৫.১ এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি):**<br>**স্পেশালাইজেশনসমূহ :** কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম, ফাইন্যান্সিয়াল প্রাকটিসেস, ডিজিটাল টেকনোলজি- ইন-বিজনেস, ই-বিজনেস, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট । | যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| **২.৬ বেসরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**২.৬.১ এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি):**<br>**স্পেশালাইজেশনসমূহ :** কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম, ফাইন্যান্সিয়াল প্রাকটিসেস, ডিজিটাল টেকনোলজি- ইন-বিজনেস, ই-বিজনেস, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ।<br>**২.৬.২ ডিপ্লোমা-ইন-কমার্স** :<br>**স্পেশালাইজেশনসমূহ:** হিসাব রক্ষণ, শর্টহ্যান্ড। | যে কোন শিক্ষা বোর্ডের অধীনে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি(ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে । |
| **২.৭ সরকারি প্রতিষ্ঠান (২ বছর মেয়াদি) :**<br>**২.৭.১ সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড :**<br>**টেকনোলজি/ট্রেডসমুহ :** মেরিন ডিজেল ইঞ্জিন আর্টিফিসার, শিপ ফেব্রিকেশন, শিপ বিল্ডিং, ওয়েল্ডিং, শিপ বিল্ডিং অ্যান্ড মেকানিক্যাল ড্রাফটিং। | যে কোন শিক্ষা বোর্ড হতে এস.এস.সি/ এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল)/ দাখিল/ সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ এবং সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ কমপক্ষে জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এস.এস. সি/ সমমান পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ এবং সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ২.০ সহ কমপক্ষে জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। |

* 'ও' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রাপ্ত জিপিএ ঢাকা শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি পাসকৃত শিক্ষার্থীদের সাথে সমমান সনদ গ্রহণপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমাদান সাপেক্ষে অনলাইনে আবেদন করতে পারবে।

## ৩.০ ভর্তি কার্যক্রমের সময়সূচি :

| প্রতিষ্ঠানের ধরণ | শিক্ষাক্রম | ভর্তি কার্যক্রমের সময়সীমা | ক্লাশ আরম্ভ (সম্ভাব্য তারিখ) |
|---|---|---|---|
| **সরকারি** | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (১ম ও ২য় শিফট)<br>ডিপ্লোমা -ইন- মেরিন ইঞ্জিনিয়ারিং<br>ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (১ম ও ২য় শিফট)<br>ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার<br>ডিপ্লোমা-ইন-ফিসারিজ<br>ডিপ্লোমা-ইন-ফরেষ্ট্রি<br>ডিপ্লোমা-ইন-লাইভস্টক<br>০২ বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড | ভর্তির সকল কার্যক্রম ০৯/০৮/২০২৩ খ্রিঃ থেকে শুরু করে ০১/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। বর্ণিত সময়ের মধ্যে অনলাইন আবেদন ফরমে প্রদত্ত পছন্দ ও মেধার ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীরা যে কোন পর্যায়ের নির্বাচনে নিশ্চায়ন না করলে তাদের আবেদন বাতিল বলে গণ্য হবে । এ সকল শিক্ষার্থীসহ অন্যান্য শিক্ষার্থীরা (যারা পূর্বে আবেদন করেনি) নতুন করে আবেদন ফি সহ আবেদনের সুযোগ পাবে। তবে আসন শূন্যতা বিবেচনায় পুনরায় গৃহীত আবেদন ও অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী ভর্তির লক্ষ্যে সময়সীমা বোর্ড কর্তৃক বর্ধিত করা যাবে এবং তা অবশ্যই রেজিষ্ট্রেশনের পূর্বে হতে হবে। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রেজিষ্ট্রেশনের কাজ সম্পন্ন করা হবে। | ০৮/১০/২০২৩খ্রিঃ রবিবার |
| **বেসরকারি** | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং<br>ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার<br>ডিপ্লোমা-ইন-ফিসারিজ | ভর্তির সকল কার্যক্রম ০৯/০৮/২০২৩ খ্রিঃ থেকে শুরু করে ০৫/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। তবে আসন শূন্যতা বিবেচনায় ভর্তির সময় বর্ধিত করা যাবে এবং তা অবশ্যই রেজিষ্ট্রেশনের পূর্বে হতে হবে। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রেজিষ্ট্রেশনের কাজ সম্পন্ন করা হবে। | ০৮/১০/২০২৩খ্রিঃ রবিবার |
| **সরকারি ও বেসরকারি** | এইচ.এস.সি (ভোকেশনাল)<br>এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি)<br>ডিপ্লোমা-ইন-কমার্স | ভর্তির সকল কার্যক্রম ০৯/০৮/২০২৩ খ্রিঃ থেকে শুরু করে ০৫/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। তবে আসন শূন্যতা বিবেচনায় ভর্তির সময় বর্ধিত করা যাবে এবং তা অবশ্যই রেজিষ্ট্রেশনের পূর্বে হতে হবে। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রেজিষ্ট্রেশনের কাজ সম্পন্ন করা হবে। | ০৮/১০/২০২৩খ্রিঃ রবিবার |

## ৪.০ ভর্তির আবেদনের পদ্ধতি (এইচএসসি (ভোকেশনাল) ব্যতিত অন্যান্য সকল শিক্ষাক্রমের ক্ষেত্রে প্রযোজ্য) :

৪.১ ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণকরে অনলাইনে দাখিল করতে হবে। আবেদনের সময় সম্প্রতি তোলা (পরিস্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 kb) ছবি আপলোড করতে হবে। আবেদনকারীর সঠিক ছবি আপলোডের বিষয়টি নিশ্চিত হতে হবে। ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd এবং btebadmission.gov.bd বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাওয়া যাবে;

৪.২ অনলাইনে আবেদনের ক্ষেত্রে শিক্ষাক্রমভিত্তিক প্রতি শিফটের জন্য ১৬২ টাকা (তন্মধ্যে ১৬০ টাকা আবেদন ফি ও ০২ টাকা মোবাইল অপারেটর ফি) অনলাইন পেমেন্ট গেটওয়ে এর মাধ্যমে জমাদান সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী এক বা একাধিক প্রতিষ্ঠানে সর্বোচ্চ ১৫ (পনের) টি টেকনোলজি/ট্রেড/স্পেশালাইজেশন সুনির্দিষ্টভাবে



০৭.০৮.২৩

উল্লেখপূর্বক প্রয়োজনীয় তথ্যাদি সঠিকভাবে পূরণ করে আবেদন করতে হবে। অনলাইনে প্রতি শিফটের জন্য মাত্র একবারই আবেদন করা যাবে।

## ৫.০ ভর্তির আবেদনের পদ্ধতি (এইচ.এস.সি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্ষেত্রে) :

৫.১ ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র অনলাইনে দাখিল করতে হবে। আবেদনের সময় সম্প্রতি তোলা (পরিস্কার পাসপোর্ট সাইজের রঙিন ছবি JPEG Format-এ, এবং অনধিক 100 kb) ছবি আপলোড করতে হবে। আবেদনকারীর সঠিক ছবি আপলোডের বিষয়টি নিশ্চিত হতে হবে। ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd এবং btebadmission.gov.bd বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পাওয়া যাবে;

৫.২ অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৬২ টাকা (তন্মধ্যে ১৬০ টাকা আবেদন ফি ও ০২ টাকা মোবাইল অপারেটর ফি) অনলাইন পেমেন্ট গেটওয়ে এর মাধ্যমে প্রদান সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী আবেদন করা যাবে;

৫.৩ এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে প্রচলিত বিভিন্ন ট্রেডের উপর ভিত্তি করে এইচ.এস.সি (ভোকেশনাল) শিক্ষাক্রমের জন্য ক্লাস্টার (পরিশিষ্ট-১) অনুযায়ী সংশ্লিষ্ট ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা হবে।

## ৬.০ শিক্ষার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি :

৬.১ শিক্ষার্থী নির্বাচনে কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। কেবলমাত্র এস.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীর আবেদন ফরমে প্রদত্ত পছন্দ ও মেধা এবং কোটা অনুসরণে ১ম পর্বে/১ম বর্ষে (প্রযোজ্য ক্ষেত্রে শিফটে) শিক্ষার্থী নির্বাচন করা হবে;

৬.২ এস.এস.সি পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ ৫.০০ প্রাপ্ত সকল বিষয়ের ওপর সর্বোচ্চ ৬৮ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (১৪ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ১৪×৫=৭০ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৬৮ উল্লেখ করা হয়েছে)। ২০১৬ সালে এস.এস.সি পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৫ প্রাপ্ত সকল বিষয়ের ওপর সর্বোচ্চ ৫৩ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (১১ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ১১×৫=৫৫ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৫৩ উল্লেখ করা হয়েছে)। ২০১৫ সালে এস.এস.সি পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৫ প্রাপ্ত সকল বিষয়ের ওপর সর্বোচ্চ ৪৮ গ্রেড পয়েন্ট ধরে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করতে হবে (১০ বিষয়ের প্রতি বিষয়ে গ্রেড পয়েন্ট ৫ হিসেবে ১০×৫=৫০ হওয়ার কথা। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৪৮ উল্লেখ করা হয়েছে)। এক্ষেত্রে ৬৮ পয়েন্ট ও ৫৩ পয়েন্ট কে ৪৮ পয়েন্টর সাথে সমতুল্য করে হিসাব করা হবে। সাধারন শিক্ষা বোর্ডের পয়েন্ট , উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এস.এস.সির পয়েন্ট , মাদ্রাসা শিক্ষা বোর্ডের পয়েন্ট, কারিগরি শিক্ষা বোর্ডের পয়েন্ট এবং 'ও' লেভেলের পয়েন্ট সমতুল্য করে মেধাক্রম নির্ধারণ করা হবে। প্রচলিত গ্রেডিং পদ্ধতির ফলাফলের সঙ্গে পূর্বের প্রচলিত বিভাগ পদ্ধতির ফলাফল সমতাকরণ করে মেধাক্রম নির্ধারণ করা হবে;

৬.৩ ভর্তির ক্ষেত্রে সমান জিপিএ প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে শর্তাবলি নিম্নরূপঃ

৬.৩.১ প্রথমে প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.২ একই জিপিএ হলে সাধারণ গণিতের জিপিএ এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৩ সাধারণ গণিতের জিপিএ একই হলে উচ্চতর গণিত/সাধারণ বিজ্ঞানের সর্বোচ্চ জিপিএ এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৪ উচ্চতর গণিত/ বিজ্ঞানের সর্বোচ্চ জিপিএ একই হলে ইংরেজি এর জিপিএ এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৫ ইংরেজি এর জিপিএ একই হলে পদার্থ/রসায়ন এর সর্বোচ্চ জিপিএ এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৬ পদার্থ/রসায়ন এর সর্বোচ্চ জিপিএ একই হলে মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৭ মোট নম্বর একই হলে সাধারণ গণিতের নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৮ সাধারণ গণিতের নম্বর একই হলে উচ্চতর গণিত/ বিজ্ঞানের সর্বোচ্চ নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.৯ উচ্চতর গণিত/ বিজ্ঞানের সর্বোচ্চ নম্বর একই হলে ইংরেজি এর নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.১০ ইংরেজি এর নম্বর একই হলে পদার্থ/রসায়ন এর সর্বোচ্চ নম্বর এর ভিত্তিতে মেধা তালিকা করা হবে;

৬.৩.১১ পদার্থ/রসায়ন এর সর্বোচ্চ নম্বর একই হলে জন্ম তারিখ ভিত্তিতে (যার বয়স বেশি) মেধা তালিকা করা হবে;

৬.৩.১২ জন্ম তারিখ একই হলে এসএসসি এর রেজিঃ নম্বর ভিত্তিতে (যার রেজিঃ নম্বর বেশি) মেধা তালিকা করা হবে;

৬.৪ অনলাইন আবেদন ফরমে প্রদত্ত পছন্দ ও মেধা এবং কোটার ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীদের যে কোন পর্যায়ের নির্বাচনে নিশ্চায়ন না করলে তাদের আবেদন বাতিল বলে গণ্য হবে। এ সকল শিক্ষার্থীসহ অন্যান্য (যারা পূর্বে আবেদন করেনি) শিক্ষার্থীরা নতুন করে আবেদন ফি প্রদান সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

## ৭.০ ভর্তির ক্ষেত্রে কোটা পদ্ধতি :

**৭.১ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে (সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য):**

৭.১.১ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য ৫%, প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৫%, এস.এস.সি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১৫%, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের জন্য ২% আসনে মেধানুযায়ী (পছন্দক্রমে) শিক্ষার্থী ভর্তি করা যাবে;

৭.১.২ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সহশিক্ষা প্রতিষ্ঠানসমূহে মহিলাদের ২০% কোটা সংরক্ষিত থাকবে। তবে শর্ত থাকে যে, যোগ্য ছাত্রী না পাওয়া গেলে তা ছাত্রদের দিয়ে পূরণ করা যাবে (শিক্ষা মন্ত্রণালয়ের পত্র সূত্র নং-শাঃ১৫/TVET Project ৭-২/২০১০-১৪৩ তারিখঃ ২৮/০৪/২০১৪) এবং অন্যান্য সরকারি প্রতিষ্ঠানসমূহে সরকার কর্তৃক সংরক্ষিত মহিলা ১০%, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য ঢাকা, চট্টগ্রাম, কাপ্তাই পলিটেকনিক ইন্সটিটিউটে প্রতিটিতে ০৪ (চার) টি করে আসন এবং অন্যান্য ইন্সটিটিউটে ০২ (দুই) টি (মেরিন ইন্সটিটিউটে প্রতিটি গ্রুপে ০১ টি) করে আসন সংরক্ষিত থাকবে;

৭.১.৩ মহিলা শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিজ জেলা ও নিজ বিভাগকে অগ্রাধিকার দেয়া হবে এবং যে সকল জেলা/বিভাগে মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট আছে সে সকল প্রতিষ্ঠানের আসন সংখ্যা পূরনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/বিভাগে সহশিক্ষা পরিচালিত পলিটেকনিক ইন্সটিটিউটে প্রয়োজনে মহিলা কোটা হ্রাস করা যাবে।

**৭.২ ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফিসারিজ, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি ও ডিপ্লোমা-ইন-লাইভস্টক এর ক্ষেত্রে (সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য) :**

৭.২.১ সরকারি প্রতিষ্ঠানসমূহে মহিলাদের জন্য ১০% আসন, এস.এস.সি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% আসন; মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য ৫%, প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৫%, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সংশ্লিষ্ট অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীর সন্তানদের জন্য ২% আসনে মেধানুযায়ী (পছন্দক্রমে) শিক্ষার্থী ভর্তি করা যাবে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য প্রত্যক প্রতিষ্ঠানে ০২ (দুই) টি করে আসন সংরক্ষিত থাকবে;

৭.২.২ মহিলা শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিজ জেলা ও নিজ বিভাগকে অগ্রাধিকার দেয়া হবে।

**৭.৩ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে (সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য) :**

৭.৩.১ সরকারি প্রতিষ্ঠানসমূহে মহিলাদের জন্য ১০% আসন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য প্রতিটি ইন্সটিটিউটে ০২ (দুই) টি করে আসন, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য ৫% আসন, প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৫% আসন, বস্ত্র অধিদপ্তর নিয়ন্ত্রিত টেক্সটাইল ভোকেশনাল প্রতিষ্ঠান হতে এস.এস.সি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ২৫%, এস.এস.সি (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% মেধানুযায়ী আবেদন ফরমে বর্ণিত পছন্দের ভিত্তিতে টেকনোলজি বন্টন করতে হবে;

৭.৩.২ মহিলা শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিজ জেলা ও নিজ বিভাগকে অগ্রাধিকার দেয়া হবে।

০৭.০৮.২০

## ৮.০ ভর্তি, অর্থ ও বাজেট ব্যবস্থাপনা :

৮.১ ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা -ইন- মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন- এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি), এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড শিক্ষাক্রমের সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভর্তি কার্যক্রম ও ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সার্বিক সমন্বয় সাধন করবে;

৮.২ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একটি কমিটি গঠন করবে;

৮.৩ গঠিত কমিটি ভর্তি কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় অর্থ ও বাজেট ব্যবস্থাপনা ও ব্যয় নির্বাহ এর বিষয়ে সুপারিশ করবে;

৮.৪ আবেদন ফি -এর ১৬২ (একশত বাষট্টি) টাকা হতে চুক্তি মোতাবেক মোবাইল অপারেটর ফি ও বুয়েট-এর কারিগরি সহায়তা ফি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ভর্তি সংক্রান্ত যাবতীয় ব্যয় নির্বাহের জন্য শিক্ষার্থী প্রতি ৫৫ (পঁঞ্চান্ন) টাকা প্রদান করা হবে;

৮.৫ ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় উপকমিটি গঠন করতে পারবে;

৮.৬ কোটা সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কতৃক ০১ (এক) টি কমিটি থাকবে;

৮.৭ ভর্তি কার্যক্রম পরিচালনায় যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভর্তি কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

## ৯.০ ভর্তি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম :

৯.১ মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তানদের শনাক্তকরণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে;

৯.২ ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ইউনিয়ন পরিষদ/ পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে;

৯.৩ পোষ্য কোটা প্রমাণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র জমা দিতে হবে;

৯.৪ প্রবাসীদের সন্তানদের ক্ষেত্রে প্রবাসী কল্যান মন্ত্রণালয়ের ওয়েজ অনার্স বোর্ড কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র জমা দিতে হবে;

৯.৫ সরকার নির্ধারিত সকল কোটায় প্রচলিত বিধি অনুযায়ী ভর্তির পর কোন আসন শূন্য থাকলে তা সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা যাবে;

৯.৬ ভর্তির সময় সকল প্রার্থীকে তাদের এস.এস.সি/ সমমান পরীক্ষা পাশের প্রমাণক হিসেবে বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং নিবন্ধনভূক্তির সময় হার্ড কপির সাথে মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা প্রদান করতে হবে এবং শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত উল্লিখিত মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকবে। এ সময়ের মধ্যে কোন প্রার্থী উক্ত নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট ফেরত চাইলে প্রতিষ্ঠান তার ভর্তি বাতিল করে তা ফেরত দিতে পারবে। এস.এস.সি/ সমমান পরীক্ষা পাশের প্রমাণক হিসেবে বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ ট্রান্সক্রিপ্ট জমা নেওয়া ব্যতিত কোন শিক্ষার্থীকে ভর্তি করানো যাবেনা;

৯.৭ নিশ্চায়নকৃত কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বোর্ড নিধারিত তারিখের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট জমা প্রদানপূর্বক ভর্তি কাযক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে তার নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। উক্ত শূন্য আসনসহ মোট খালি আসনে ভর্তি কার্যক্রম চলমান অবস্থায় অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দ ক্রমানুসারে পূরণের ব্যবস্থা করা হবে। এক্ষেত্রে অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দের ক্রমঅনুযায়ী ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিদিষ্ট সময় পর পর ভর্তির সুযোগ প্রদান করা হবে। ভর্তিকৃত শিক্ষার্থীর ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ভর্তির আবেদনে সংযোজিত ছবি ও শিক্ষার্থীর সাথে মিলিয়ে নিতে হবে। এক্ষেত্রে কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বোর্ড কর্তৃক প্রদেয় অনলাইন ইন্টারফেসের মাধ্যমে

সংশোধন করতে হবে। পরবর্তীতে ছবি সংশোধনের কোন সুযোগ থাকবে না। এছাড়া শিক্ষার্থী একাধিক শিক্ষাক্রমে/ পূর্বে অন্য কোথাও অধ্যয়নরত থাকলে তা ক্লাস শুরুর ৪র্থ সপ্তাহের মধ্যেই বাতিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে দৈত (Duplicate) ভর্তি বাতিল না করলে রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না;

৯.৮ সরকারি প্রতিষ্ঠানসমুহে শিক্ষার্থী ভর্তি নিশ্চায়নের পর অটো মাইগ্রেশন (Auto Migration) অন রাখলে প্রত্যকবার অপেক্ষমান ফলাফল প্রকাশের সময় আসন খালি থাকা সাপেক্ষে শিক্ষার্থীর ভর্তির আবেদনে উল্লেখিত টেকনোলজি ও প্রতিষ্ঠানের পছন্দক্রমের উপরের দিকে ভর্তির সুযোগ প্রদেয় হবে এবং পূর্বের ভর্তির সুযোগপ্রাপ্ত ও নিশ্চায়নকৃত টেকনোলজি ও প্রতিষ্ঠানের পরিবর্তে মাইগ্রেশনের মাধ্যমে প্রাপ্ত টেকনোলজি ও প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে হবে। পছন্দের টেকনোলজি ও প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেলে/ নিশ্চায়নকৃত প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে চাইলে অটো মাইগ্রেশন (Auto Migration) বন্ধ করতে হবে । উল্লেখ্য, সাধারণভাবে অটো মাইগ্রেশন (Auto Migration) অন থাকবে ;

৯.৯ ভর্তি চলাকালীন অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীরা ফলাফল প্রকাশের পূর্বদিন পর্যন্ত শুণ্য আসন থাকা সাপেক্ষে প্রতিষ্ঠান ও টেকনোলজির পছন্দক্রম পরিবর্তন করতে পারবে;

৯.১০ নিশ্চায়নকৃত শিক্ষার্থী সরকারি প্রতিষ্ঠানসমূহে মূল নম্বরপত্র জমা প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার পরে অটো মাইগ্রেশন (Auto Migration)-এর ফলে প্রতিষ্ঠান পরিবর্তন হলে উক্ত শিক্ষার্থীর প্রদেয় সমূদয় ফিসহ মূল নম্বরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষার্থীকে ফেরত দিতে হবে;

৯.১১ বোর্ডের অনুমোদনক্রমে প্রয়োজনে সংশ্লিষ্ট সরকারি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটসমূহ শুন্য আসনে শিক্ষার্থী ভর্তি করতে পারবে। তবে এক্ষেত্রে শিক্ষার্থীর ভর্তির ন্যূনতম যোগ্যতা থাকতে হবে ;

৯.১২ ডিপ্লোমা প্রথম পর্বে প্রতি গ্রুপ ও প্রতি টেকনোলজিতে ৫০ জন (ড্রপআউটসহ) শিক্ষার্থী ভর্তি করা যাবে। প্রতি টেকনোলজিতে ন্যূনতম ১০ জন শিক্ষার্থী থাকা সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রদান করা হবে;

৯.১৩ এইচ.এস.সি (ভোকেশনাল)/এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি)/ ডিপ্লোমা-ইন-কমার্স প্রতি পর্বে প্রতি ট্রেড/স্পেশালাইজেশন এ ৫০ জন (ড্রপআউটসহ) শিক্ষার্থী ভর্তি করা যাবে। প্রতি ট্রেড/স্পেশালাইজেশন এ ন্যূনতম ১০ জন শিক্ষার্থী থাকা সাপেক্ষে রেজিস্ট্রেশন প্রদান করা হবে;

৯.১৪ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় শিক্ষার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত নিবন্ধন ফি প্রদান করতে হবে। ক্লাস আরম্ভের তারিখ হতে ৪৫ দিনের মধ্যে অন-লাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৯.১৫ ভর্তি নীতিমালা-২০২৩ এর আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় ভর্তি নির্দেশিকা জারি করবে;

৯.১৬ বেসরকারি হতে সরকারি প্রতিষ্ঠানে অথবা সরকারি প্রতিষ্ঠান হতে বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হতে পারবেনা;

৯.১৭ বাংলাদেশ সরকারের বিদেশি ছাত্র ভর্তি নীতিমালা-অনুসরণপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমতি সাপেক্ষে বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যেতে পারে;

৯.১৮ 'ও' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের নম্বরপত্র/সনদপত্র ঢাকা শিক্ষা বোর্ড হতে এস.এস.সি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ দেওয়া হবে।

## ১০.০ ভর্তি ও ফি :

### ১০.১ নিশ্চায়নের ক্ষেত্রে ফি :

**১০.১.১ ডিপ্লোমা পর্যায়ের শিক্ষার্থীদের নিশ্চায়নের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি প্রযোজ্য হবে (সরকারি পলিটেকনিক ও মেরিন ইনস্টিটিউটসমূহ ব্যতিত):**

| ক্রমিক নং | বিবরণ | টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ২০০/- | বোর্ডের প্রাপ্য |
| ২. | রোভার স্কাউট ফি | ১৫/- | সংশ্লিষ্ট সংস্থা প্রাপ্য |
| ৩. | রেডক্রিসেন্ট ফি | ২০/- | |
| | মোট= | ২৩৫/- | |

০৭.০৮.২৩

সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তির জন্য ২৩৫/- (দুইশত পয়ত্রিশ) টাকা+অনলাইন পেমেন্ট চার্জ ৩.০০/- (তিন) টাকা মোট (২৩৫+৩)= ২৩৮/- (দুইশত আটত্রিশ) টাকা প্রদানপূর্বক ভর্তি নিশ্চায়ন করতে হবে। ভর্তি নিশ্চায়ন না করলে এই আবেদনের আওতায় ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

**১০.১.২ ডিপ্লোমা পর্যায়ের সরকারি পলিটেকনিক ও মেরিন ইনস্টিটিউটসমূহের শিক্ষার্থীদের নিশ্চায়নের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি প্রযোজ্য হবে:**

| ক্রমিক নং | বিবরণ | টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ২০০/- | বোর্ডের প্রাপ্য |
| ২. | রোভার স্কাউট ফি | ১৫/- | সংশ্লিষ্ট সংস্থা প্রাপ্য |
| ৩. | রেডক্রিসেন্ট ফি | ২০/- | |
| ৪. | ম্যাগাজিন ফি | ২৫/- | ১৫৫/- প্রতিষ্ঠান প্রাপ্য |
| ৫. | ধর্মীয় তহবিল | ২৫/- | |
| ৬. | বেতন (প্রতি সেমিষ্টার) | ৬০/- | |
| ৭. | ভর্তি ফি | ১০/- | |
| ৮. | কল্যান তহবিল (দরিদ্র তহবিল) | ২০/- | |
| ৯. | রোভার স্কাউট ফি (বোর্ড কর্তৃক নির্ধারিত ৩০ টাকা এর ৫০%=১৫) | ১৫/- | |
| | মোট= | ৩৯০/- | |

সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের শিক্ষার্থীদের ৩৯০/- (তিনশত নব্বই)+অনলাইন পেমেন্ট চার্জ ০৫/- (পাঁচ) টাকা মোট ৩৯০+৫=৩৯৫/- (তিনশত পঁচানব্বই) টাকা প্রদানপূর্বক ভর্তি নিশ্চায়ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি নিশ্চায়ন না করলে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

**১০.১.৩ এইচ.এস.সি/সমমান পর্যায়ের শিক্ষার্থীর নিশ্চায়নের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি প্রযোজ্য হবে:**

| ক্রমিক নং | বিবরণ | টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১২০/- | বোর্ডের প্রাপ্য |
| ২. | ক্রীড়া ফি | ৩০/- | সংশ্লিষ্ট সংস্থা প্রাপ্য |
| ৩. | রোভার/রেঞ্জার ফি | ১৫/- | |
| ৪. | রেডক্রিসেন্ট ফি | ২০/- | |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ০৭/- | |
| | মোট= | ১৯২/- | |

১৯২/- (একশত বিরানব্বই) টাকা+অনলাইন পেমেন্ট চার্জ ৩.০০/- (তিন) টাকা মোট (১৯২+৩)=১৯৫/- (একশত পঁচানব্বই) টাকা প্রদানপূর্বক ভর্তি নিশ্চায়ন করতে হবে।

**১০.২ ভর্তির ক্ষেত্রে ফি (বেসরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য):**

১০.২.১ সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১,০০০/- (এক হাজার) টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২,০০০/- (দুই হাজার) টাকা/ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না;

১০.২.২ ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত আংশিক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এমপিও বহির্ভুত শিক্ষকদের বেতন ও ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় মাসিক বেতন, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ৩,০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না;

১০.২.৩ দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১০.২.৪ রেজিষ্ট্রেশন ফি এবং অন্যান্য আনুষঙ্গিক ফি এর সমূদয় অর্থ ভর্তির আবেদনের পর নিশ্চায়নের সময় পরিশোধযোগ্য।

## ১১.০ ভর্তির বিষয়ে প্রচার কার্যক্রম :

১১.১ ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট সকলের নিকট অবহিতকরনের লক্ষ্যে টেলিভিশনে স্ক্রল ফিলার প্রচার, টেলিভিশন টকশো আয়োজন, ইউটিউবে ভিডিও প্রচার, ফেইসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার, নগরীর গুরুত্বপূর্ণ স্থানে বিলবোর্ড স্থাপন, স্থানীয় কেবল নেটওয়ার্কে প্রচার, স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন, লিফলেট/স্টিকার বিতরণসহ সংশ্লিষ্ট এলাকায় নানাবিধ উদ্যোগের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১১.২ প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের মাসিক সমন্বয় সভায় যোগদান করে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় ভর্তি নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করবেন;

১১.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কেন্দ্রীয়ভাবে ভর্তির প্রচারণা চালাবে;

১১.৪ প্রচারণা সংক্রান্ত একটি কমিটি গঠন করে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হবে।

## ১২.০ নীতিমালার কার্যকারিতা ও প্রশাসনিক ব্যবস্থা :

১২.১ দেশের সকল সরকারি ও বেসরকারি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বর্ণিত শিক্ষাক্রমের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে;

১২.২ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি) শিক্ষাক্রমে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের প্রবিধান-২০২২ প্রযোজ্য হবে। এছাড়া ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ভর্তিকৃত শিক্ষার্থীদের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ তারিখঃ ১৩ জুন, ২০২১ খ্রি. অনুসারে (পরিশিষ্ট-২) অ্যালাইড টেকনোলজির আওতায় সংশ্লিষ্ট টেকনোলজিকে মূল টেকনোলজির সমতুল্যতা আকারে সনদ প্রদান করা হবে;

১২.৩ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ প্রতিষ্ঠানটির এম.পি.ও.ভুক্তি বাতিল করা হবে;

১২.৪ সরকারি কারিগরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নীতিমালায় কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

## ১৩.০ ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি :

১৩.১ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd ও www.btebadmission.gov.bd এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগসহ সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/ প্রতিষ্ঠানের ওয়েবসাইট হতে পাওয়া যাবে;

১৩.২ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত বর্ণিত শিক্ষাক্রমের ভর্তি কার্যক্রম শুধুমাত্র অনলাইনে এবং শিক্ষার্থীদের এস.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে সম্পন্ন করা হবে;

১৩.৩ ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি), এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড শিক্ষাক্রমের সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভর্তি কার্যক্রম এর ক্ষেত্রে সরকার নির্ধারিত ভর্তি সংক্রান্ত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে;

১৩.৪ ভর্তি সংক্রান্ত নীতিমালার আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করবে।

(মো: কামাল হোসেন)
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

পরিশিষ্ট-০২

## বিদ্যমান এইচএসসি (ভোকেশনাল) ট্রেডসমূহ

| ট্রেড কোড | এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের স্ক্লাস্টার্ড ট্রেড | আসন সংখ্যা | প্রার্থীর এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা পাসের ট্রেড |
|---|---|---|---|
| ২১ | এগ্রো মেশিনারি | ৪০ | ফার্ম মেশিনারি/অটোমোটিভ/জেনারেল মেকানিক্স/ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন/এগ্রোবেসড্ ফুড |
| ২২ | অটোমোবাইল | ৪০ | অটোমোটিভ/ফার্ম মেশিনারি/জেনারেল মেকানিক্স/ওয়েল্ডিং ওয়ার্কস |
| ২৩ | বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স | ৪০ | বিল্ডিং মেইনটেন্যান্স/সিভিল কনস্ট্রাকশন/প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং |
| ২৪ | ক্লদিং এন্ড গার্মেন্টস ফিনিসিং | ৪০ | ড্রেস মেকিং/নিটিং/উইভিং/ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং |
| ২৫ | কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স | ৪০ | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি/কম্পিউটার এপ্লিকেশন এন্ড অপারেশন |
| ২৬ | ড্রাফটিং সিভিল | ৪০ | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড/মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড/আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড |
| ২৭ | ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স | ৪০ | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস |
| ২৮ | ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন | ৪০ | জেনারেল ইলেকট্রনিক্স/অডিও ভিডিও সিস্টেম |
| ২৯ | ফিশ কালচার এন্ড ব্রিডিং | ৪০ | ফিশ কালচার এন্ড ব্রিডিং/শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং/ফুড প্রসেসিং |
| ৩০ | মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স | ৪০ | জেনারেল মেকানিক্স/মেশিন টুলস্ অপারেশন/মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড/ওয়েল্ডিং ওয়ার্কস |
| ৩১ | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | ৪০ | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং/লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৩২ | রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | ৪০ | রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং |
| ৩৩ | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন | ৪০ | ওয়েল্ডিং ওয়ার্কস/জেনারেল মেকানিক্স/ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন/ প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং |
| ৩৪ | ইন্ডাষ্ট্রিয়াল উড ওয়ার্কিং | ৪০ | উড ওয়ার্কিং/কার্পেন্টি/বিল্ডিং মেইনটেন্যান্স/সিভিল কনস্ট্রাকশন |
| এসএসসি (বিজ্ঞান) পাস এবং বিটিইবি কর্তৃক Level-১ ও Level-২ এ্যাসেসমেন্টে উত্তীর্ণ শিক্ষার্থীরা সংশ্লিষ্ট ট্রেডে আবেদন করতে পারবে। | | | |

০১.০৮.২৩

পরিশিষ্ট- ০২


শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সরকারি চাকরি প্রাপ্তি বিষয়ক বিদ্যমান সমস্যার সমাধান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যত কর্ম সংস্থানের সুযোগ বিবেচনায় মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহ সরকার নিম্নরূপভাবে পুনর্বিন্যাস করিলেনঃ

| ক্রমিক | মূল টেকনোলজি | মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজিসমূহ |
|---|---|---|
| ০১ | সিভিল | সিভিল উড, কন্সট্রাকশন, এনভায়রনমেন্ট |
| ০২ | আর্কিটেকচার | ইন্টেরিয়র ডিজাইন |
| ০৩ | ইলেকট্রিক্যাল | ইলেকট্রনিক্স, ইলেকট্রো-মেডিক্যাল, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেনটেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৪ | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ০৫ | মেকানিক্যাল | মেকাট্রনিক্স, পাওয়ার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ০৬ | কেমিক্যাল | ফুড |
| ০৭ | মেরিন | শিপবিল্ডিং |
| ০৮ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স) |
| ০৯ | লেদার | লেদার প্রোডাক্ট অ্যান্ড এক্সেসরিজ, ফুটওয়্যার। |

**অনুসরণীয় কার্যক্রমঃ**

০১. মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত টেকনোলজির পঠিত বিষয়সমূহের কমপক্ষে ৬৫% মিল বা সমতা থাকিলে সমতুল্য সনদ প্রদান, অন্যথায় আগ্রহী শিক্ষার্থীদেরকে মেকআপ বিষয়/বিষয়সমূহে অধ্যয়নের সুযোগ প্রদান এবং পুনরায় মূল্যায়নপূর্বক সমতুল্য সনদায়নের ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে বাস্তবতার নিরিখে যথাযথ পর্যালোচনাপূর্বক ইমার্জিং টেকনোলজির সকল বিষয়কে মূল টেকনোলজির সাথে সমন্বয় অথবা ২-৩ বছর একই বিষয়ে (Core Subjects) অধ্যয়ন শেষে শিক্ষার্থীগণ ইমার্জিং টেকনোলজির কোন বিষয়কে বিশেষ কোর্স (Specialized Course) হিসেবে গ্রহণ করিবে বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের মেকআপ বিষয়ে বিশেষ কোর্স নির্ধারণ করিবে।

০২. ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিটি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের অন্তর্ভুক্ত না করিয়া উক্ত বিষয়টিকে বিভিন্ন অকুপেশন/ ট্রেডভিত্তিক শর্ট কোর্সে রূপান্তরপূর্বক পরিচালনা করিতে হইবে। ভবিষ্যতে ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সটি বন্ধ থাকিবে, তবে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এই কোর্সটি যথানিয়মে সম্পন্ন করিবেন।

০৩. গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিকস ইন্সটিটিউট ও বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের শিক্ষা কার্যক্রম মনোটেকনিক ইন্সটিটিউট হিসেবে পূর্বের ন্যায় অব্যাহত থাকিবে। মনোটেকনিক প্রতিষ্ঠানসমূহে স্থানীয় ও বৈদেশিক কর্মের চাহিদা বিবেচনা করিয়া প্রয়োজনীয় সংখ্যক অকুপেশনভিত্তিক শর্ট কোর্স চালু করিতে হইবে। মনোটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণ বিষয়ে পুনঃপরীক্ষা/ পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

০৪. জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(কাইজার মোহাম্মদ ফারাবী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৫৫৬
ds_tec2@moedu.gov.bd


০২.০৮.২৩

বিতরণ (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) ঃ

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
০৫. মহাপরিচালক, শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
০৬. অতিরিক্ত সচিব (কারিগরি-১ অধিশাখা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-**১৬৯(৫)**

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা, (গেজেট প্রকাশের অনুরোধসহ।)
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

১৩/০৬/২০২১

(কাইজার মোহাম্মদ ফারাবী)
উপসচিব
ফোন: ৯৫৭৩৫৫৬

০১.০৮.২১